

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
চট্টগ্রাম জেলা কার্যালয়, টিসিবি ভবন (৩য় তলা), বন্দরটিলা, চট্টগ্রাম
www.dncrp.chittagong.gov.bd

স্মারক নং : ২৬.০৪.০০০০.৩০২.০৪.৩৭৮.১৮- ১৭৫

তারিখ : ০৪ সেপ্টেম্বর ২০১৮

অভিযোগ নম্বর ও তারিখ : ৩৭৮: ২৯.০৮.১৮

অভিযোগকারী : জনাব ইয়ামিন

প্রতিপক্ষ : ব্যবস্থাপক, বি-জুয়েলার্স, ১৮৪/১, হাজারী লেন, (রাজলক্ষ্মী বিতান), চট্টগ্রাম

বিষয় : প্রতিশ্রুত পণ্য প্রদান না করা সংক্রান্ত অভিযোগের বিষয়ে শুনানির নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জনাব ইয়ামিন নামক জনৈক ভোক্তা আপনার বিরুদ্ধে প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে সরবরাহ করেন নাই মর্মে অভিযোগ দায়ের করেছেন (কপি সংযুক্ত)। যা ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৫ ধারা মতে দণ্ডনীয় অপরাধ। এ ধারার বিধান অনুসারে, 'কোন প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় অথবা সরবরাহ না করা হলে তিনি অনূর্ধ্ব এক বছর সশ্রম বা বিনাশ্রম কারাদণ্ড বা অনধিক পঞ্চাশ হাজার টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।'


এ অভিযোগের উপর নিম্নলিখিত তফশিল মোতাবেক প্রশাসনিক ব্যবস্থায় উভয় পক্ষের শুনানি গ্রহণ করা হবে।

তারিখ : ১১ সেপ্টেম্বর ২০১৮, মঙ্গলবার

সময় : সকাল ১১:০০ ঘটিকা

স্থান : জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চট্টগ্রাম জেলা কার্যালয়, টিসিবি ভবন (৩য় তলা), বন্দরটিলা, চট্টগ্রাম।

এমতাবস্থায়, বর্ণিত তারিখ ও সময়ে আপনি বা আপনার মনোনীত কোন উপযুক্ত প্রতিনিধিকে সংশ্লিষ্ট কাগজপত্রসহ এ দপ্তরে শুনানিতে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(মুহাম্মদ হাসানুজ্জামান)

সহকারী পরিচালক

ফোন-০৩১-৭৪০২৬৮

e-mail: ad-chittagong@dncrp.gov.bd

১। ব্যবস্থাপক, বি-জুয়েলার্স, ১৮৪/১, হাজারী লেন, (রাজলক্ষ্মী বিতান), চট্টগ্রাম

২। জনাব ইয়ামিন

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা
২. উপপরিচালক, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চট্টগ্রাম
৩. অফিস নথি